# দেশের নদী থেকে মাসে গড়ে ৪৩ মরদেহ উদ্ধার, ৩০ শতাংশ অজ্ঞাত



সংগৃহীত ছবি

দেশের নদীগুলো থেকে চলতি বছর প্রতি মাসে গড়ে ৪৩টি করে মরদেহ উদ্ধার করেছে নৌ পুলিশ। এ সংখ্যা গত বছর ছিল মাসে গড়ে ৩৭। উদ্ধার হওয়া এসব মরদেহের প্রায় ৩০ শতাংশের এখনো কোনো পরিচয় মেলেনি।

নৌ পুলিশের পরিসংখ্যান অনুযায়ী, ২০২৪ সালে নদী থেকে ৪৪০টি মরদেহ উদ্ধার হয়। এর মধ্যে শনাক্ত হয়েছে ২৯৯টি এবং অজ্ঞাত থাকে ১৪১টি। অন্যদিকে চলতি বছরের প্রথম সাত মাসেই উদ্ধার হয়েছে ৩০১টি মরদেহ, যার মধ্যে ৯২টির পরিচয় মেলেনি।

LENS ASIA

সম্প্রতি ২৩ আগস্ট শনিবার বুড়িগঙ্গা নদীর কেরাণীগঞ্জের মীরেরবাগ এলাকা থেকে এক নারী ও এক শিশুর মরদেহ উদ্ধার করে নৌ পুলিশ। নারীর গলায় কালো কাপড় প্যাঁচানো ছিল এবং শিশুটির গলাও ওড়না দিয়ে বাঁধা ছিল। একই দিন নদী থেকে হাত বাঁধা অবস্থায় এক যুবক-যুবতীর মরদেহও উদ্ধার করা হয়।

ঢাকা অঞ্চলের নৌ পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন জানান, নদীতে ভাসমান অনেক মরদেহ দীর্ঘ সময় পানিতে থাকার কারণে গলে-পচে যায়। এতে আঙুলের ছাপ নেওয়া সম্ভব হয় না, চেহারাও বিকৃত হয়ে পড়ে। ফলে অনেক মরদেহ অজ্ঞাত থেকে যায়। জনবল ও লজিস্টিক সংকটের কারণে মরদেহ শনাক্তের কাজ আরও জটিল হয়ে পড়ে বলেও জানান তিনি।

অপরাধ বিশ্লেষক ড. তৌহিদুল হক বলেন, “অপরাধীরা নদীকে মরদেহ গুম করার ডাম্পিং স্টেশন হিসেবে ব্যবহার করছে। এজন্য বেশি লাশ উদ্ধার হয় এমন এলাকায় সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে এবং শনাক্তকাজে সব বাহিনীকে সমন্বিতভাবে কাজ করতে হবে।”